

সমস্ত রাজ্য সমবায় ব্যাংকগুলি /
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংকগুলি

মাননীয় মহাশয়,

পরিস্কার নোট নীতি - নোট প্যাকেট স্টেপল করা

এটি দেখা গেছে যে ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বারা জারী করা নির্দেশ সত্ত্বেও ব্যাংকগুলি নোটের প্যাকেট স্টেপল করছে। এর ফলে শুধু যে নোটগুলি ক্ষতিগ্রস্ত হয় তা না নোটগুলির ব্যবহারকালও কমে যায়, কারণ গ্রাহকেরা তা সহজ ভাবে খুলতে পারে না।

২। এটিও দেখা যাচ্ছে যে ব্যাংকগুলি নোট বাছাই করছে না 'বাজারে ছাড়া যাবে' এবং 'বাতিল করতে হবে' এই ভিত্তিতে এবং সাধারণ গ্রাহককে নোংরা নোট দিয়ে দিচ্ছে। ব্যাংকগুলি জলছাপের জায়গায় খোলা প্যাকেটে কত নোট আছে তা জানাতে নম্বর লিখতে, যেটি শুধুমাত্র যে জলছাপটিকে নষ্ট করছে তাই না নোটটির সহজে সনাক্তকরণ ব্যাহত করছে।

৩। তাই নিচের বিষয়গুলির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সেটিকে অবিলম্বে কার্যকর করার নির্দেশ জারী করা হচ্ছে :

- (ক) ব্যাংকগুলি নোট প্যাকেট স্টেপল করা বন্ধ করে তাতে কাগজের ব্যান্ড লাগিয়ে সুরক্ষিত করবে,
- (খ) ব্যাংকগুলি নোটগুলিকে 'বাজারে ছাড়া যাবে' এবং 'বাতিল করতে হবে' এই ভিত্তিতে বাছাই করবে এবং জনসাধারণকে শুধুমাত্র পরিস্কার নোটই দেবে। নোংরা নোটগুলিকে স্টেপল না করে কারেন্সী চেস্টের মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাংকে আভ্যন্তরীণ অর্থ প্রদান হিসাবে জমা দেবে, এবং
- (গ) ব্যাংকগুলি অবিলম্বে জলছাপের জায়গায় কোনো কিছু লেখা বন্ধ করবে।

৪। এই মর্মে আমাদের নির্দেশিকা নং RPCD CO. RF. Dir. No. 44 /07.38.03/2006-07 তারিখ জানুয়ারি ৩১, ২০০৭ এর সঙ্গে সংযোজিত হল।

৫। অনুগ্রহ করে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রাপ্তি স্বীকার জানাবেন।

ইতি ভবদীয়,

(সি এস মূর্তি)

চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ

পরিস্কার নোট নীতি - নোট প্যাকেট স্টেপল করা

ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯ ধারা ৩৫এ যেটি ধারা ৫৬-র সঙ্গে একসাথে পাঠিত হয় সেই মোতাবেক যে ক্ষমতা অর্পণ করা হয়েছে, সেই মতো ভারতীয় রিজার্ভ ব্যাংক দেখেছে জনসাধারণের হিতের পক্ষে এটি প্রয়োজনীয় ও জরুরী যে নিম্নলিখিত নির্দেশগুলি অবিলম্বে কার্যকরী করা উচিত;

- (১) ব্যাংকগুলি নতুন/প্রচলনযোগ্য/অযোগ্য নোটের প্যাকেট স্টেপেল করা বন্ধ করে তাতে কাগজের ব্যান্ড লাগিয়ে সুরক্ষিত করবে।
- (২) ব্যাংকগুলি নোটগুলিকে 'বাজারে ছাড়া যাবে' এবং 'বাতিল করতে হবে' এই ভিত্তিতে বাছাই করবে এবং জনসাধারণকে সুধুমাত্র পরিস্কার নোটই দেবে। নোংরা নোটগুলিকে স্টেপেল না করে কারেন্সী চেস্টের মাধ্যমে ভারতীয় রিজার্ভ ব্যাংকে আভ্যন্তরীণ অর্থ প্রদান হিসাবে জমা দেবে।
- (৩) ব্যাংকগুলি অবিলম্বে ব্যাংক নোটের জলছাপের জায়গায় কোনো কিছু লেখা বন্ধ করবে।

(ভি এস দাস)
এক্সিকিউটিভ ডিরেক্টর